

## মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৩৮৩৬

পর্ব-১৯: জিহাদ (كتاب الجهاد)

পরিচ্ছেদঃ দ্বিতীয় অনুচ্ছেদ

الفَصْلُ الثَّانِي

আরবী

وَعَنْهُ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «الشَّهِيدُ لَا يَجِدُ أَلَمَ الْقُتْلِ إِلَّا كَمَا يَجِدُ أَحَدُكُمْ أَلَمَ الْفَرْصَةَ». رَوَاهُ التِّرْمِذِيُّ وَالنَّسَائِيُّ وَالْدَّارِمِيُّ وَقَالَ التِّرْمِذِيُّ: هَذَا حَدِيثٌ حَسَنٌ غَرِيبٌ

বাংলা

৩৮৩৬-[৪৯] উক্ত রাবী [আবু হুরায়রাহ (রাঃ)] হতে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ পিংপড়ার দংশনে তোমরা যেরূপ ব্যথাতুর হও, শহীদের হত্যার ব্যথাও অনুরূপ অনুভূত হয়। (তিরমিয়ী, নাসায়ী, দারিমী; ইমাম তিরমিয়ী বলেন, হাদীসটি হাসান গরীব)[১]

ফুটনোট

[১] সহীহ : নাসায়ী ৩১৬১, তিরমিয়ী ১৬৬৮, দারিমী ২৪৭৫ , সহীহ আল জামি‘ ৩৭৪৬।

ব্যাখ্যা

ব্যাখ্যা: শাহীদের মৃত্যু কষ্টের পরিমাণ উল্লেখ করে আলোচ্য হাদীসটিতে মুজাহিদদেরকে জিহাদের প্রতি উৎসাহিত করা হয়েছে।

(أَلَمَ الْفَرْصَةِ) অর্থ হলো পিংপড়ার একবার কামড় দেয়ার মতো কষ্ট। আবার কারো মতে নখ দিয়ে একবার চিমটি কাটার মতো কষ্ট। শহীদ ব্যক্তিও এত সামান্য পরিমাণ মৃত্যুকষ্ট অনুভব করে। খুবায়ব -এর কবিতায় এমনটিই বর্ণিত হয়েছে:

ولست أبالي حين أقتل مسلما على أي شق كان لـ الله مصرع

وَذَلِكَ فِي ذَاتِ الْإِلَهِ وَإِنْ يَشَأْ يَبْارِكُ عَلَى أَوْصَالِ شَلْوَ مَمْزُعٍ

অর্থাৎ- “আমি কোনো কিছুরই পরোয়া করব না যখন আমাকে মুসলিম অবস্থায় হত্যা করা হবে। আল্লাহর রাহে যেভাবেই আমাকে ক্ষত-বিক্ষত করা হোক না কেন, সেটা কেবলমাত্র আল্লাহর জন্যই। তিনি চাইলে আমার দেহ থেকে বিচ্ছিন্ন করা প্রত্যেকটি অঙ্গের বিনিময়ে বরকত দান করবেন”।

খুবায়ব ছিলেন ইসলামের ইতিহাসে প্রথম ক্রুশবিদ্ব ব্যক্তি। ঘটনাটি হলো, খুবায়ব বদর যুদ্ধে অংশগ্রহণ করেন। পরবর্তীতে তাকে বন্দী করে মক্কায় নিয়ে যাওয়া হয়। তিনি বদর যুদ্ধে হারিসকে কাফির অবস্থায় হত্যা করেছিলেন, ফলে তার ছেলেরা প্রতিশোধ নেয়ার জন্য তাকে কিনে নেয়। এমতাবস্থায় তারা তাকে ক্রুশবিদ্ব করে হত্যা করে- (তিরমিয়ী, নাসায়ী, দারিমী)। (মিরকাতুল মাফাতীহ)

হাদিসের মান: **সহিহ (Sahih)** পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি □ বর্ণনাকারীঃ আবু হুরায়রা (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=69163>

 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন